# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরে-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

## ০২ (দুই) বছর মেয়াদী এইচএসসি/সমমান পর্যায়ের ভর্তি নির্দেশিকা
(সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের জন্য)

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে সরকারি প্রতিষ্ঠানসমূহে ০২ বছর মেয়াদি এইচএসসি (ভোকেশনাল), এইচএসসি (বিএমটি) ও সার্টিফিকেট-ইন-মেরিন ট্রেড এবং বেসরকারি প্রতিষ্ঠানসমূহে ০২ বছর মেয়াদি এইচএসসি (বিএমটি) ও ডিপ্লোমা ইন কমার্স শিক্ষাক্রমে ১ম বর্ষে শিক্ষার্থী ভর্তির জন্য অন-লাইনে আবেদন আহবান করা যাচ্ছে।

**১. ভর্তির শিক্ষাগত যোগ্যতা:**

| | |
|---|---|
| **১.১ সরকারি প্রতিষ্ঠান (২ বছর মেয়াদি) :**<br>**১.১.১ এইচ.এস.সি (ভোকেশনাল) :**<br>**ট্রেডসমুহ :** এগ্রোমেশিনারী, অটোমোবাইল, বিল্ডিং কন্সট্রাকশন অ্যান্ড মেইন্টেন্যান্স, ক্লোদিং অ্যান্ড গার্মেন্টস ফিনিশিং, কম্পিউটার অ্যান্ড আইওটি সিস্টেমস, ইলেকট্রিক্যাল ওয়ার্কস অ্যান্ড মেইন্টেন্যান্স, ইলেকট্রনিক কন্ট্রোল অ্যান্ড কমিউনিকেশন, ফিস কালচার অ্যান্ড ব্রিডিং, মেশিন টুল অপারেশন অ্যান্ড মেইন্টেন্যান্স, পোল্ট্রি রিয়ারিং অ্যান্ড ফার্মিং, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং, ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন, ফুড প্রসেসিং এন্ড প্রিজারভেশন ও প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং। | এস.এস.সি (ভোকেশনাল)/ দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় ২০২১ খ্রি. থেকে ২০২৫ খ্রি. এর মধ্যে উত্তীর্ণ শিক্ষার্থীরা ক্লাস্টারভিত্তিক (পরিশিষ্ট-১) ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে। |
| **১.২ সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান (২ বছর মেয়াদি) :**<br>**১.২.১ এইচ.এস.সি (বিজনেস ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি):**<br>**স্পেশালাইজেশনসমূহ:** কম্পিউটারাইজড একাউন্টিং সিস্টেম, ফাইন্যান্সিয়াল প্রাকটিসেস, ডিজিটাল টেকনোলজি ইন বিজনেস, ই-বিজনেস, হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ।<br>**১.৩ ডিপ্লোমা-ইন-কমার্স :**<br>**স্পেশালাইজেশনসমূহ:** হিসাব রক্ষণ, শর্টহ্যান্ড। | যে কোন শিক্ষা বোর্ড / উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে এস.এস.সি / দাখিল/এস.এস.সি(ভোকেশনাল)/দাখিল(ভোকেশনাল)/সমমানের পরীক্ষায় ২০২১ খ্রি. থেকে ২০২৫ খ্রি. এর মধ্যে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে। |
| **১.৪ সরকারি প্রতিষ্ঠান (২ বছর মেয়াদি) :**<br>**১.৪.১ সার্টিফিকেট-ইন-মেরিন ট্রেড :**<br>**টেকনোলজি/ট্রেডসমুহ :** মেরিন ডিজেল ইঞ্জিন আর্টিফিসার, শিপ ফেব্রিকেশন, শিপ বিল্ডিং, ওয়েল্ডিং, শিপ বিল্ডিং অ্যান্ড মেকানিক্যাল ড্রাফটিং। | যে কোন শিক্ষা বোর্ড/ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে এস.এস.সি /এস.এস.সি(ভোকেশনাল)/দাখিল(ভোকেশনাল)/দাখিল/সমমানের পরীক্ষায় ২০২১ খ্রি. থেকে ২০২৫ খ্রি. এর মধ্যে উত্তীর্ণ এবং সাধারণ গণিত বা উচ্চতর গণিতে জিপি ২.০ সহ ন্যূনতম জিপিএ ২.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। |
| * 'ও' লেভেল উত্তীর্ণ শিক্ষার্থীদের প্রাপ্ত জিপিএ ঢাকা শিক্ষা বোর্ড থেকে এস.এস.সি সমমান/সমতুল্যতা সনদ গ্রহণপূর্বক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে জমাদান সাপেক্ষে অনলাইনে আবেদন করতে পারবে। | |

২৮.০৭.২৫

## ২. ভর্তি বিষয়ক সাধারণ নির্দেশনা:

২.১ ভর্তি সংক্রান্ত সকল কার্যক্রমের সময়সূচি, ভর্তি নির্দেশিকা, আবেদনের নিয়মাবলী ও ফলাফল সংক্রান্ত তথ্যাদি ভর্তি বিষয়ক ওয়েবসাইট www.btebadmission.gov.bd ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইট www.bteb.gov.bd এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়,কারিগরি শিক্ষা অধিদপ্তর ও বেসরকারি ইনস্টিটিউটসমূহের ওয়েবসাইটে পাওয়া যাবে।

২.২ অন-লাইনে ০২ বছর মেয়াদি বর্ণিত শিক্ষাক্রমে আবেদনকারী শিক্ষাক্রমভিত্তিক শুধুমাত্র ১টি প্রতিষ্ঠান ও ট্রেড/স্পেশালাইজেশন-এ ১৬২/- (একশত বাষট্টি টাকা মাত্র) মোবাইল ব্যাংকিং বিকাশ, নগদ, রকেট, উপায়, ট্যাপ এবং ওকে ওয়ালেট এর মাধ্যমে আবেদন ফি প্রদান করে আবেদন করতে পারবে।

## ৩. ডাটাবেসে তথ্য নেই, এমন শিক্ষার্থীর আবেদনের ক্ষেত্রে:

**৩.১ সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে:** এসএসসি/সমমান /'ও' লেভেল /বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এসএসসি উত্তীর্ণ শিক্ষার্থী যাদের তথ্য ডাটাবেসে নেই এমন শিক্ষার্থী এবং 'ও' লেভেল হতে পাসকৃত শিক্ষার্থীদের নিজ উদ্যোগে ঢাকা শিক্ষা বোর্ড হতে সমতুল্যতা/সমমান সনদ গ্রহণের পর আবেদনের সময়সীমার শেষ তারিখের কমপক্ষে ০২ দিন পূর্বে নম্বরপত্রের মূলকপি ও সমমান সনদ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ২নং ভবনের ৭০৬ নং কক্ষে উপস্থিত হয়ে প্রদর্শন করে ফটোকপি জমা দিতে হবে। এরপরে এ সকল শিক্ষার্থী আবেদনের সুযোগ পাবে। উল্লেখ্য ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে Blank Form এ ভর্তির সুযোগ নেই।

## ৪. অন-লাইনের মাধ্যমে ভর্তি আবেদন ও নিশ্চায়নের জন্য করণীয়:

| ধাপসমূহ | করণীয় |
|---|---|
| **৪.১ আবেদন ও নিশ্চায়নের ফি প্রদান পদ্ধতি** | আবেদনকারীকে অন-লাইনে আবেদন শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে শিক্ষাক্রমভিত্তিক পেমেন্ট কোড অনুসরণপূর্বক মোবাইল ব্যাংকিং: বিকাশ/ নগদ /রকেট /উপায় /ট্যাপ /ওকে ওয়ালেট-এর মাধ্যমে আবেদন ফি প্রদান করতে হবে। ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.btebadmission.gov.bd) এ শিক্ষাক্রমভিত্তিক পেমেন্ট কোড ও বিকাশ /নগদ /রকেট /উপায় /ট্যাপ /ওকে ওয়ালেট এর মাধ্যমে আবেদনের ফি প্রদান পদ্ধতি ও নিশ্চায়ন ফি প্রদান পদ্ধতি বর্ণনা করা হয়েছে। তদনুসারে শিক্ষাক্রমভিত্তিক সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের জন্য আবেদন ফি প্রদান করতে হবে। |
| **৪.২ অন-লাইনে আবেদন পদ্ধতি** | (ক) আবেদন ফি প্রদানকারী শিক্ষার্থী ভর্তি বিষয়ক ওয়েবসাইট **www.btebadmission.gov.bd** -এ প্রবেশ করে পেমেন্টকৃত প্রোগ্রাম সংশ্লিষ্ট **Apply Now** বাটনে ক্লিক করবে। ক্লিক করার পর আবেদনকারী সংশ্লিষ্ট প্রোগ্রামের **Application** পেজ দেখতে পাবে। **Application** পেজ-**এর নির্ধারিত ঘরে** আবেদনকারীর এস.এস.সি রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বোর্ডের নাম, পাসের সন ও নিজ মোবাইল নম্বর এন্ট্রি পূর্বক **'Next' Button** ক্লিক করবে। আবেদনকারীকে তার মোবাইল নম্বর সতর্কতার সহিত প্রদান করতে হবে। পরবর্তীতে সমস্ত যোগাযোগ এবং প্রয়োজনীয় তথ্যাদি প্রদত্ত মোবাইল নম্বরে প্রেরণ করা হবে।<br><br>(খ) 'Next' Button ক্লিক করার পর আবেদনকারী তার যাবতীয় তথ্য দেখতে পাবে। (যদি আবেদনকারী ফি প্রদান না করে থাকে- সে ক্ষেত্রে আবেদনকারী আবেদন ফি প্রদান করেনি এরূপ Message প্রদর্শিত হবে।)<br><br>(গ) আবেদনকারী তার স্ক্যানকৃত ছবি (ফরমেট *.jpg , সাইজ 50 KB Ges150 px × 120 px) আপলোড করবে। আপলোড করার পর নীচের 'Save and Next' Button ক্লিক করবে। সফলভাবে তথ্য সংরক্ষিত হলে আবেদনকারী একটি সিকিউরিটি কোড দেখতে পাবে। আবেদনকারীকে অবশ্যই সিকিউরিটি কোডটি ভবিষ্যতে ব্যবহারের জন্য সংরক্ষণ করতে হবে। এরপর Next বাটনে ক্লিক করলে Applicant's Account পেজ প্রদর্শিত হবে। ঐ পেজে আবেদনকারী তার সংশ্লিষ্ট প্রোগ্রামের **Apply Now** বাটনে ক্লিক করবে। এরপর আবেদনকারী উক্ত প্রোগ্রামের অপশন ফরম দেখতে পারবে। অপশন ফরমে আবেদনকারী তার ভর্তিচ্ছু প্রোগ্রামসমূহ Drop Down মেনুতে দেখতে পাবে।<br><br>(ঘ) Selection Criteria প্রদর্শিত হলে আবেদনকারীকে পছন্দনীয় জেলা, ঐ জেলার প্রতিষ্ঠান এবং ঐ প্রতিষ্ঠানের শিফ্‌ট, টেকনোলজি নির্বাচন করে 'Add Selected Institute' Button এ ক্লিক করতে হবে। আবেদনকারী শুধুমাত্র একটি প্রতিষ্ঠান ও একটি ট্রেড/স্পেশালাইজেশন নির্বাচন করতে পারবে। নির্বাচন করার পর 'Submit' Button এ ক্লিক করে নির্বাচিত প্রোগ্রাম এ আবেদন সম্পন্ন করবে। সফলভাবে আবেদন সম্পন্ন হলে আবেদনকারী বাম পার্শ্বে আবেদনকৃত প্রোগ্রামের নাম দেখতে পাবে এবং Submit-কৃত আবেদনটি প্রিন্ট নিতে পারবে। আবেদনকারীর আবেদনকৃত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ট্রেড/স্পেশালাইজেশন শূন্য আসন থাকলে ফলাফল প্রকাশিত হবে। ফলাফল প্রকাশ হলে নিশ্চায়ন ফি প্রদান করে ভর্তি নিশ্চায়ন সম্পূর্ন করতে হবে। শিক্ষাক্রমভিত্তিক পেমেন্ট কোড ব্যবহার করে বিকাশ/নগদ/রকেট/উপায়/ট্যাপ/ওকে ওয়ালেট এর মাধ্যমে নিশ্চায়ন ফি প্রদান করতে হবে। |

| ধাপসমূহ | করণীয় |
| --- | --- |
| | (ঙ) একই আবেদনকারী একাধিক প্রোগ্রামে (যেমন-এইচএসসি (বিএমটি), ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং, এগ্রিকালচার টেকনোলজি ইত্যাদি) আবেদন করতে চাইলে আবেদনকারীকে প্রত্যেক প্রোগ্রামের জন্য আলাদা আলাদা Payment সম্পন্ন করতে হবে। Payment সম্পন্ন করে Applicant Login অপশন থেকে SSC Roll, Board, Passing Year ও Security Code এন্ট্রি করে পূর্বের নিয়মাবলী অনুসরণ করে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। |

**কারিগরি শিক্ষা বোর্ডের হেল্প ডেস্ক:**

মোবা:০১৩২২৮৩০৩০৮/০১৩২২৮৩০৩০৯

**বুয়েট হেল্প ডেস্ক:**

মোবা: ০১৩০৪৭৩২১৯৬ / ০১৩০৫৭০৩৮৭১

মোবা: ০১৭৬৮৭৫৫৯৩২

[সরকারি ছুটির দিন ব্যতিত অফিস চলাকালিন সময়]

২৮.০৭.২৫

পরিচালক (কারিকুলাম)

ও ভর্তি কমিটির সদস্য সচিব

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড,
ঢাকা।

## পরিশিষ্ট-১

এইচএসসি(ভোকেশনাল)শিক্ষাক্রমের ট্রেডসমূহের সাথে এসএসসি(ভোকেশনাল)/দাখিল(ভোকেশনাল) শিক্ষাক্রমের ট্রেডসমূহের ক্লাস্টার :

| ট্রেড কোড | এইচএসসি(ভোকেশনাল) শিক্ষাক্রমের ক্লাস্টার ট্রেড | আসন সংখ্যা | এসএসসি(ভোকেশনাল)/দাখিল(ভোকেশনাল)শিক্ষাক্রমের ট্রেড |
|---|---|---|---|
| ২১ | অ্যাগ্রো মেশিনারি | ৪০ | ফার্ম মেশিনারি / অটোমোটিভ / জেনারেল মেকানিক্স / ফ্রুট অ্যান্ড ভেজিটেবল কাল্টিভেশন / অ্যাগ্রোবেসড় ফুড / অটোমোবাইল অ্যান্ড অটো-ইলেকট্রিক বেসিকস |
| ২২ | অটোমোবাইল | ৪০ | অটোমোটিভ / ফার্ম মেশিনারি / জেনারেল মেকানিক্স / ওয়েল্ডিং ওয়ার্কস / অটোমোবাইল অ্যান্ড অটো-ইলেকট্রিক বেসিকস / ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন |
| ২৩ | বিল্ডিং কনস্ট্রাকশন অ্যান্ড মেইনটেন্যান্স | ৪০ | বিল্ডিং মেইনটেন্যান্স / সিভিল কনস্ট্রাকশন / প্লাম্বিং অ্যান্ড পাইপ ফিটিং / সিভিল কনস্ট্রাকশন অ্যান্ড সেফটি / সিভিল ড্রাফটিং উইথ ক্যাড / উড ওয়ার্কিং /কার্পেটিং / আর্কিটেকচারাল ড্রাফটিং উইথ অটোক্যাড |
| ২৪ | ক্লদিং অ্যান্ড গার্মেন্টস ফিনিসিং | ৪০ | ড্রেস মেকিং /নিটিং /উইভিং/ ডাইং প্রিন্টিং অ্যান্ড ফিনিশিং/ অ্যাপারেল ম্যানুফ্যাকচারিং বেসিকস |
| ২৭ | ইলেকট্রিক্যাল ওয়ার্কস অ্যান্ড মেইনটেন্যান্স | ৪০ | জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস /ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস /জেনারেল ইলেকট্রনিক্স /রেডি-টিভি /অডিও ভিডিও সিস্টেম |
| ২৮ | ইলেকট্রনিক কন্ট্রোল অ্যান্ড কমিউনিকেশন | ৪০ | জেনারেল ইলেকট্রনিক্স /অডিও ভিডিও সিস্টেম / জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস /রেডি-টিভি /ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস |
| ২৯ | ফিশ কালচার অ্যান্ড ব্রিডিং | ৪০ | ফিশ কালচার অ্যান্ড ব্রিডিং / শ্রিম্প কালচার অ্যান্ড ব্রিডিং |
| ৩০ | মেশিন টুল অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স | ৪০ | জেনারেল মেকানিক্স/ মেশিন টুলস্ অপারেশন /মেকানিক্যাল ড্রাফটিং উইথ ক্যাঁড /ওয়েল্ডিং ওয়ার্কস/মেশিন অপারেশন বেসিকস /ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকশন |
| ৩১ | পোল্ট্রি রিয়ারিং অ্যান্ড ফার্মিং | ৪০ | পোল্ট্রি রিয়ারিং অ্যান্ড ফার্মিং/লাইভস্টক রিয়ারিং অ্যান্ড ফার্মিং |
| ৩২ | রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং | ৪০ | রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং/ অটোমোটিভ / অটোমোবাইল অ্যান্ড অটো-ইলেকট্রিক বেসিকস |
| ৩৩ | ওয়েল্ডিংঅ্যান্ড ফেব্রিকেশন | ৪০ | ওয়েল্ডিং ওয়ার্কস/ জেনারেল মেকানিক্স/ ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন / প্লাম্বিং অ্যান্ড পাইপ ফিটিং / অটোমোটিভ/ অটোমোবাইল অ্যান্ড অটো-ইলেকট্রিক বেসিকস |
| ৩৭ | ফুড প্রসেসিং অ্যান্ড প্রিজারভেশন | ৪০ | ফুড প্রসেসিং/ ফ্রুট অ্যান্ড ভেজিটেবল কাল্টিভেশন /অ্যাগ্রোবেসড় ফুড |
| ৩৮ | প্লাম্বিং অ্যান্ড পাইপ ফিটিং | ৪০ | প্লাম্বিং অ্যান্ড পাইপ ফিটিং/বিল্ডিং মেইনটেন্যান্স /সিভিল কন্সট্রাকশন /সিভিল কন্সট্রাকশন অ্যান্ড সেফটি/সিভিল ড্রাফটিং উইথ ক্যাড /উড ওয়াকিং /কার্পেটিং /আর্কিটেকচারাল ড্রাফটিং উইথ ক্যাড। |
| ৩৯ | কম্পিউটার অ্যান্ড আইওটি সিস্টেমস | ৪০ | কম্পিউটার ও তথ্য প্রযুক্তি / কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যান্ড অপারেশন /আইটি সাপোর্ট ও আইওটি বেসিকস |
| এসএসসি (বিজ্ঞান) পাস এবং বিটিইবি কর্তৃক level-১ ও level-২ অ্যাসেসমেন্টে উত্তীর্ণ শিক্ষার্থীরা সংশ্লিষ্ট ট্রেডে আবেদন করতে পারবে। | | | |

এসএসসি (ভোকেশনাল)/ দাখিল(ভোকেশনাল) উত্তীর্ণ শিক্ষার্থীরা উপোরক্ত ছকে বর্নিত ক্লাস্টার অনুযায়ী এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের ট্রেডসমূহে ভর্তি হতে পারবে।

(স্বাক্ষরিত) ২৮/০৬/২০২৫

মোহাম্মদ সাজ্জাদ মুফতী
কারিকুলাম বিশেষজ্ঞ (বিএম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

(স্বাক্ষরিত) ২৮.০৬.'২৫

প্রকৌশলী মোঃ আনোয়ারুল কবীর
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।